



ইসলামিক ফাউন্ডেশন

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

www.islamicfoundation.gov.bd

স্মারক নং: ১৬.০১.০০০০.০৩০.০১.০০১.১৪(পাট-০২).২৮২

তারিখ: ৩০/০৯/২০২৫ খ্রি.

বিষয় : ইসলামিক ফাউন্ডেশনের বোর্ড অব গভর্নরসের ২৩০ তম সভায় বর্তমান হালাল সনদ ফি কমানোর অনুমোদন।

গত ৩১-০৮-২০২৫ তারিখ অনুষ্ঠিত ইসলামিক ফাউন্ডেশনের বোর্ড অব গভর্নরসের ২৩০ তম সভায় হালাল সনদ ফি'র বিষয়ে “সিদ্ধান্ত-৭৯০/২০২৫/২৩০: হালাল সনদ ফি বিদ্যমান রেটের সর্বোচ্চ ৩০% কমাতে হবে। তবে তা সর্বোচ্চ ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা হবে।”

ইসলামিক ফাউন্ডেশন ২০০৭ সাল হতে সরকারের অনুমোদনক্রমে বাংলাদেশে উৎপাদিত ও আমদানিকৃত খাদ্যদ্রব্য, ভোগ্যপণ্য, প্রসাধন সামগ্রী ও ফার্মাসিউটিক্যালস সহ অন্যান্য সামগ্রীর অনুকূলে হালাল সনদ ও লোগো প্রদান করে আসছে। এ পর্যন্ত ২৫৬টি কোম্পানীর ২০০০ এর অধিক পণ্যের অনুকূলে হালাল সনদ প্রদান করা হয়েছে। তন্মধ্যে ৭৬টি কোম্পানী তাদের উৎপাদিত ৬০০শর অধিক পণ্য মধ্যপ্রাচ্য, মালয়েশিয়া, ইন্দোনেশিয়া, থাইল্যান্ড, সিঙ্গাপুর, ইউরোপ, আমেরিকা, উত্তর আমেরিকার বিভিন্ন দেশ, ইউক্রেন, জর্জিয়াসহ পৃথিবীর ৪৬টি দেশে রপ্তানী করছে। ২০১১ সাল থেকে পৃথিবীর বিখ্যাত হালাল সনদ প্রদানকারী প্রতিষ্ঠান যাকীম মালয়েশিয়া ইসলামিক ফাউন্ডেশনকে রিকগনিশন সার্টিফিকেট দিয়েছে। যার ফলে ইসলামিক ফাউন্ডেশনের সার্টিফিকেট আন্তর্জাতিক পর্যায়ে গ্রহণযোগ্যতা পেয়েছে এবং ইসলামিক ফাউন্ডেশনের হালাল সনদ নিয়ে বাংলাদেশী পণ্য উৎপাদনকারীগণ নির্বিঘ্নে তাদের পণ্য রপ্তানী করছে। বর্তমানে সৌদি আরব ও তুরস্কের স্বীকৃতি গ্রহণের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে। বোর্ড অব গভর্নরসের সিদ্ধান্ত মোতাবেক এবং “হালাল সনদ নীতিমালা ২০২৩”-অনুযায়ী ফি বর্তমানে নতুন কোম্পানীর জন্য শতকরা ০.০৫ (প্রতি একশত টাকায় ০.০৫ পয়সা) টাকা এবং সনদ নবায়নের জন্য শতকরা ০.০৪ (প্রতি একশত টাকার জন্য ০.০৪ পয়সা) টাকা নির্ধারণ করা হয়। কিন্তু বিভিন্ন মিটিংয়ে স্টেকহোল্ডারদের পক্ষ থেকে ফি আরও কমানোর জন্য বার বার অনুরোধ করা হয়। বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা)সহ বিভিন্ন ফোরামেও এ প্রসঙ্গে জোরালোভাবে উপস্থাপিত হয়েছে। এ প্রসঙ্গে বি.এস.টি.আই এর ফি'র বিষয়েও আলোচনায় আসছে। এমতাবস্থায়, যাকীম মালয়েশিয়াসহ অন্যান্য আন্তর্জাতিক হালাল বডি'র ফি পর্যালোচনা করে সামঞ্জস্যপূর্ণ ফি নির্ধারণের জন্য একটি কমিটি গঠন করা হয়। গত ২০/০৮/২০২৪ খ্রি.তারিখ উক্ত কমিটির মিটিং মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে আগারগাঁওস্থ ইফা সভা কক্ষে (২য় তলা) অনুষ্ঠিত হয়। কমিটি যাকীম মালয়েশিয়া, সিঙ্গাপুর, বুনাই, ভারতসহ বিভিন্ন রাষ্ট্রের হালাল সনদ ফি পর্যালোচনা করে। উক্ত খসড়া ফি তালিকা পর্যালোচনাপূর্বক একটি খসড়া তালিকা হালাল সনদ বিভাগ কর্তৃক বোর্ড অব গভর্নরস-এর সভায় উপস্থাপন করা হয় এবং তা নিম্নোক্তভাবে সিদ্ধান্ত গৃহীত হয়:

খাদ্য দ্রব্য, ভোগ্যপণ্য, প্রসাধনসামগ্রী ও ফার্মাসিউটিক্যালস সহ অন্যান্য সামগ্রীর হালাল সনদ ও লোগো প্রদানের বিষয়ে

ইসলামিক ফাউন্ডেশন-এর ফি কাঠামোঃ

বিদেশী কোম্পানীর জন্য ফি কাঠামো

ক্রম.	বিবরণ	ফি
০১.	রেজিস্ট্রেশন ফি	\$ ৭০০
০২.	নবায়ন ফি	\$ ৫০০

দেশীয় কোম্পানীর জন্য ফি কাঠামো

ক্রম.	বিবরণ	ফি
০১.	রেজিস্ট্রেশন ফি	BDT ১,০০০/-
০২.	নবায়ন ফি	BDT ৫০০/-

২

০৯.	১৫০টি পণ্যের উপরে হলে লোগো ফি	--	--	--	BDT১৪,৭০,০০০/-	BDT১১,৯০,০০০/-
১০.	লেটারহেড/বাউচার/পাম্পলেট/ ওয়েবসাইট বা পণ্য ছাড়া অন্য কোনো জায়গায় লোগো প্রিন্টিং	--	--	--	ফ্রি	ফ্রি

সর্বোচ্চ ফি ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা

অডিট ফি

ক্রম.	বিবরণ	ফি
০১.	ঢাকা সিটি কর্পোরেশন এলাকা (প্রতি পরিদর্শকের প্রতিদিনের জন্য)	BDT ৩,০০০/-
০২.	ঢাকার পার্শ্ববর্তী শহর (প্রতি পরিদর্শকের প্রতিদিনের জন্য)	BDT ৪,০০০/-
০৩.	ঢাকা থেকে ২০০ কি:মি দূরত্বের উপরে হলে (প্রতি পরিদর্শকের প্রতিদিনের জন্য)	BDT ৫,০০০/-

এছাড়াও হালাল সনদ প্রদান এবং হালাল লোগো ব্যবহারের জন্য কারখানা/ যবাইখানা/খাদ্য প্রক্রিয়াকরণ দেশী হোটেল/রেস্টুরেন্ট-এর ধরণ ও আকারের ভিত্তিতে বার্ষিক ন্যূনতম ফি'র পরিমাণ নিম্নরূপভাবে নির্ধারণ করা যেতে পারেঃ

(০১) কারখানার ক্ষেত্রে

ছোট আকারের কারখানা (১-৫ কোটি টাকা পর্যন্ত বিনিয়োগ)	মাঝারী আকারের কারখানা (৫ কোটির উর্ধ্ব হইতে ৫০ কোটি টাকা পর্যন্ত বিনিয়োগ)	বড় কারখানা(৫০ কোটি টাকার উর্ধ্বের বিনিয়োগ)
টাকা: ৫,০০০/- (পাঁচ হাজার)	টাকা: ১০,০০০/- (দশ হাজার)	টাকা: ২০,০০০/- (বিশ হাজার)

(০২) যবাইখানার ক্ষেত্রে

ছোট আকারের (১-৫ টন পর্যন্ত বীফ/চিকেন)	মাঝারী আকারের (৫ টনের উর্ধ্ব হইতে-১০ টন পর্যন্ত বীফ/চিকেন)	বড় আকারের (১০ টনের উর্ধ্ব বীফ/চিকেন)
টাকা: ৫,০০০/- (পাঁচ হাজার)	টাকা: ১০,০০০/- (দশ হাজার)	টাকা: ২০,০০০/- (বিশ হাজার)

(৩) খাদ্য প্রক্রিয়াকরণ দেশী হোটেল/রেস্টুরেন্ট-এর ন্যূনতম ফি

ক্রম.	বিবরণ	ফি
০১.	ফোর স্টার হোটেল এবং এর উপরের মানের হোটেল	BDT ৫০,০০০/-
০২.	থ্রি স্টার হোটেল এবং এর নীচের মানের হোটেল	BDT ৩০,০০০/-
০৩.	চাইনিজ রেস্টুরেন্টসহ সমজাতীয় রেস্টুরেন্ট	BDT ২০,০০০/-
০৪.	সাধারণ রেস্টুরেন্ট (এসি)	BDT ১০,০০০/-
০৫.	সাধারণ রেস্টুরেন্ট (নন এসি)	BDT ৫,০০০/-

বোর্ড অব গভর্নরস-এর পক্ষে-

আঃ হালাম খান
মহাপরিচালক

(সিনিয়র জেলা ও দায়রা জজ)
ফোন: +৮৮-০২-২২২২১৮২৫৯
email: dg_if@yahoo.com

২